

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 26.10.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) প্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড় দানা স্থলভাগে আছড়ে পড়ার পর দুর্বল হয়ে নিম্নচাপে পরিণত হয়েছে। এর প্রভাবে কলকাতা সহ রাজ্যের উপকূলবর্তী জেলাগুলিতে গতকাল ভারী বৃষ্টিতে জনজীবন ব্যতীত হলেও আজ থেকে আবহাওয়ার উন্নতি হওয়ার সম্ভাবনা। # দুর্যোগজনিত কারণে রাজ্য মৃত্যু হয়েছে দুজনের।
- ২/ মুখ্যমন্ত্রী দানার ক্ষয়ক্ষতি নিয়ে বিস্তারিত রিপোর্ট তলব করেছেন। কৃষকদের ক্ষতিপূরণের আশ্চাস দিয়ে শস্যবীমায় নাম নথিভুক্ত করার সময়সীমা ৩০শে নম্বেম্বর পর্যন্ত বাড়ানোর কথা ঘোষণা করেছেন।
- ৩/ প্রধানমন্ত্রী আগামীকাল আকাশবানীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।
- ৪/ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী দুদিনের সফরে আজ রাতে কলকাতায় আসছেন।
- ৫/ কালীপুজো ও দীপাবলীতে রাজ্য যেকোনোরকম সাম্প্রদায়িক হিংসা ঠেকাতে রাজ্য সরকার পুলিশ প্রশাসনকক্ষে বিশেষভাবে সতর্ক করে দিয়েছে।
- ৬/ ISL ফুটবলে আজ মহামেডান স্পটিং হায়দ্রাবাদ এফ সি-র বিরুদ্ধে খেলবে।

প্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড় দানা স্থলভাগে আছড়ে পড়ার পর দুর্বল হয়ে গভীর নিম্নচাপ থেকে নিম্নচাপে পরিণত হয়েছে। এই ঘূর্ণিঝড়ের প্রত্যক্ষ প্রভাব পশ্চিমবঙ্গের ওপর না পড়লেও গতকাল সকাল থেকে রাজ্যের উপকূলবর্তী পূর্ব মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগণা এবং কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারি বৃষ্টি চলে। আজ থেকে আবহাওয়ার উন্নতি হবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের তরফে জানানো হয়েছে। সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে মৎস্যজীবীদের আজ'ও সকাল পর্যন্ত সমুদ্রে পাড়ি না দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

কলকাতায় আজ ভোর সাড়ে ৬টা পর্যন্ত গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ১৫২ দশমিক ৮মিলিমিটার। আজ'ও সকাল থেকে আকাশ মেঘলা। মাঝে মাঝে ঝিরিঝিরি বৃষ্টি হচ্ছে। বৃষ্টিতে তাপমাত্রাও কিছুটা কমেছে। কলকাতাত্য গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬ দশমিক ২ডিগ্রি সেলসিয়াস- স্বাভাবিকের তুলনায় যা সাড়ে ৫ডিগ্রি নীচে। টানা বৃষ্টিতে কলকাতা ও শহরতলীর বিভিন্ন জায়গায় জল জমে যায়। দুর্ভোগে পড়েন সাধারণ মানুষ।

এদিকে দুর্ঘট জনিত কারণে পশ্চিমবঙ্গে ২ জনের মৃত্যু হয়েছে। কলকাতার এলগিন রোড সংলগ্ন দ্বারকানাথ রোডে বিদ্যুৎ সপ্লাই হয়ে সৌরভ গুপ্ত নামে এক যুবকের মৃত্যু হয়। জমা জলের মধ্যে দিয়ে যাবার সময়ে লোহার ফেঙ্গিং হাত দিয়ে ফেলায় তিনি বিদ্যুৎপৃষ্ঠ হন। হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। অন্যদিকে দক্ষিণ ২৪ পরগণার পাথরপ্রতিমায় বিদ্যুৎস্পৃষ্ঠ হয়ে মৃত্যু হয়েছে দশম শ্রেণীর এক ছাত্রের। শুভজিঃ দাস নামে শ্রীধরনগর গ্রাম পঞ্চায়েতের এল প্লটের বছর ১৬-র ঐ কিশোর বাড়ির উঠোনে হেলে পড়া গাছের ডাল কাটতে গেছিল। সেই ডালে বিদ্যুতের খুঁটি থেকে জড়িয়ে থাকা তারে বিদ্যুৎস্পৃষ্ঠ হয়ে তাঁর মৃত্যু হয়।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল নবান্নে এক পর্যালোচনা বৈঠকে মৃতের পরিবারকে আর্থিক সাহায্যের নির্দেশ দেন। ঐ বৈঠকে জেলা প্রশাসনের সঙ্গে ভিড়ও কনফারেন্সের মাধ্যমে সামগ্রিক পরিস্থিতি খতিয়ে দেখেন তিনি। পরিসংখ্যান দিয়ে মুখ্যমন্ত্রী জানান, ২ লক্ষ ১৬ হাজারেরও বেশি মানুষকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে

নিয়ে যাওয়া হয়েছে। দানার প্রভাবে রাজ্যে অনেক কাঁচা বাড়ি ভেঙে পড়েছে। কোথায় কত ফসল নষ্ট হয়েছে, এব্যাপারে বিস্তারিত রিপোর্ট তলব করা হয়েছে। ফসল নষ্ট হলে কৃষকদের ক্ষতিপূরণেরও আশ্বাস দেন তিনি। এজন্য বাংলার শস্যবীমায় নাম নথিভুক্ত করার সময়সীমা ৩০ শে নভেম্বর পর্যন্ত বাঢ়ানো হবে।

(বাইট- মমতা এগ্রি)

মুখ্যমন্ত্রী আরো বলেন, বিপর্যস্ত এলাকায় আরও দুদিন জাতীয় ও রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী মোতায়েন থাকবে। দুর্ঘেস্থ যাদের বাড়ি ভেঙে গেছে, তাদের ক্ষতিপূরণ দেওয়ার বিষয়টিও খতিয়ে দেখা হচ্ছে বলে তিনি জানান। ত্রাণ শিবিরে আশ্রয় নেওয়া মানুষজন যাতে পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত নিজেদের বাড়ি না ফেরেন, তা নিশ্চিত করতে জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি জমা জল থেকে মশাবাহিত বিভিন্ন রোগের প্রাদুর্ভাব হতে পারে, এই আশঙ্কা প্রকাশ করে মশারি বিলিরও পরামর্শ দেন।

(বাইট- মমতা)

‘দানা’র প্রভাবে ফুলচাষের ব্যাপক ক্ষতি হয়েছে। ফুলচাষীদের ক্ষতিপূরণের দাবিতে উদ্যানপালন দপ্তরের মন্ত্রীকে গতকাল ‘সারা বাংলা ফুলচাষী ও ফুলব্যবসায়ী সমিতি’র পক্ষ থেকে স্মারকলিপি দেওয়া হয়।

ঘূর্ণিঝড় দানার প্রভাবে গতকাল থেকে দফায় দফায় ভারী বৃষ্টি হচ্ছে দক্ষিণ ২৪ পরগণা জেলাজুড়ে। গত ২৪ ঘন্টায় জেলায় সবচেয়ে বেশী বৃষ্টি হয়েছে সাগর ও ডায়মন্ড হারবারে। উপকূলবর্তী এলাকায় বৃষ্টির পরিমাণ বেশী। আজও রয়েছে মাঝারি বৃষ্টির পূর্বাভাস। বন্ধ থাকা ফেরি পরিষেবা আজ থেকে পুনরায় চালু হয়েছে।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন- (ভিসি- গৌতম)

রাজ্য সরকার আগামী দোসরা নভেম্বর সরকারি সহায়ক মূল্যে ক্ষুদ্র ও প্রাণ্তিক কৃষকদের কাছ থেকে খরিফ মরসুমে ধান কেনা শুরু করতে চলেছে। ইচ্ছুক কৃষকরা খাদ্য দপ্তরের ওয়েবসাইটে গিয়ে সরাসরি নাম নথিভুক্ত করতে পারবেন বলে এক সরকারি বিবৃতিতে জানানো হয়েছে।

উল্লেখ্য, এই বছর রাজ্য সরকার ধানের ন্যূনতম সহায়ক মূল্যের হার বাড়িয়ে কুইন্টাল প্রতি ২ হাজার ৩০০ টাকা করেছে। এছাড়াও স্থায়ী বা ভ্রাম্যমান ধান ক্রয় কেন্দ্রগুলিতে গিয়ে ধান বিক্রি করলে কুইন্টাল প্রতি তাদের আরো কুড়ি টাকা করে উৎসাহ ভাতা দেওয়া হবে বলে জানানো হয়েছে।

প্রস্তাবিত ঘাটাল মাস্টার প্ল্যান দু বছরের মধ্যে রূপায়নের কাজ সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল নবান্নে ঘূর্ণিঝড় দানার ক্ষয়ক্ষতি পর্যালোচনার পর এ কথা জানান। তিনি বলেন, এই মাস্টার প্ল্যান তৈরির জন্য বিস্তারিত প্রকল্প রিপোর্ট ইতোমধ্যেই চূড়ান্ত করা হয়েছে। এটি রূপায়নের জন্য রাজ্য সরকার বরাদ্দ করেছে ৪০০ কোটি টাকা। ২ বছরের মধ্যে এই কাজ শেষ করতে হবে।

প্রয়োজনে কোভিড পর্বে রাজ্যে ফিরে আসা পরিযায়ী শ্রমিকদের ওই প্রকল্পে কাজে লাগাতে হবে বলে ও মুখ্যমন্ত্রী নির্দেশ দেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। বেলা ১১ টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত চ্যানেলে শোনা যাবে প্রধানমন্ত্রীর মন কি বাত। এআইআর নিউজ ও dd news এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেল, এআইআর ওয়েবসাইট, ও নিউজ অন এআইআর মোবাইল অ্যাপেও সরাসরি শুনতে পাবেন এই অনুষ্ঠান। হিন্দিতে সম্প্রচারের পরই শোনা যাবে আঞ্চলিক ভাষায় এর তর্জমা। তর্জমাটি পুনঃপ্রচারিত হবে রাত আটটায়।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, দুদিনের সফরে আজ রাতে কলকাতায় আসছেন। স্বরাষ্ট্র দপ্তর সূত্রে জানা গেছে, রাত ১০ টা নাগাদ দমদম বিমান বন্দরে অবতরণের পর স্বরাষ্ট্রমন্ত্রী রাত্রিবাস করবেন সল্টলেকের একটি হোটেলে। বিজেপির রাজ্য সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার তাঁকে স্বাগত জানাবেন।

আগামীকাল স্বরাষ্ট্রমন্ত্রীর বেশ কিছু কর্মসূচী রয়েছে। সকালে তিনি হেলিকপ্টারে নদীয়ার কল্যাণী যাবেন। সেখানে BSF-এর একটি অনুষ্ঠানে যোগদানের পর পেট্রাপলে তাঁর ‘মেট্রোড্বার’-এর উদ্বোধনের কথা।

এরপর হৃগলীর আরামবাগে সমবায় দপ্তরের এক অনুষ্ঠানে যোগদানের পর স্বরাষ্ট্রমন্ত্রী সল্টলেকের EZCC-তে যাবেন। সেখানে দলীয় কর্মীদের সঙ্গে এক বৈঠকে অংশগ্রহণের কথা রয়েছে শ্রী শাহ-এর। আগামীকাল রাতেই তিনি দিল্লি ফিরে যাবেন।

আসন্ন কালীপুজো ও দীপাবলিতে রাজ্য যে কোন রকম সাম্প্রদায়িক হিংসা ঠেকাতে রাজ্য সরকার, পুলিশ প্রশাসনকে বিশেষভাবে সর্তক থাকার নির্দেশ দিয়েছে।

কালীপুজোর সময়ে রাজ্যে বিফোরণ ঘটানোর চেষ্টা হতে পারে বলে মুখ্যমন্ত্রী নবান্নে সাংবাদিকদের কাছে গতকাল আশংকা প্রকাশ করেন। এইজন্যে পুলিশের গোয়েন্দা বিভাগকে আরও শক্তিশালী হওয়ার নির্দেশ দেন তিনি। প্রয়োজনে এস টি এফ-কে কাজে লাগাতে হবে। কলকাতায় সাম্প্রদায়িক উত্তেজনা সৃষ্টির চেষ্টা করা হচ্ছে জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, এই সুযোগে সীমান্ত এলাকা দিয়ে যেন কেউ অবৈধভাবে প্রবেশ করতে না পারে সেইদিকেও খেয়াল রাখতে হবে।

আসন্ন কালী পুজো সহ উৎসব মরশ্বমে নানা ধরনের আত্মবাজির পরিবেশ দৃষ্টণ নিয়ে পরিবেশ সংগঠন সবুজ মধ্যের পক্ষ থেকে কলকাতায় এক নাগরিক কনভেনশনের আয়োজন করা হয়। সবুজ মধ্যের সাধারণ সম্পাদক ও পরিবেশ কর্মী নব দত্ত বলেন, চিরাচরিত শব্দবাজি ও আত্মবাজির সঙ্গে সবুজ বাজি ও দৃষ্টণ তৈরি করে তবে তা অপেক্ষাকৃত কম। শহর ও গ্রামগুলিতে যথেচ্ছ বাজি তৈরি ও ব্যবসা বাধাইন ভাবে চলছে বলে তিনি অভিযোগ করেন। এজন্য সর্বস্তরে জনসচেতনতা গড়ে তোলার কথা বলেন নব দত্ত। পরিবেশ ও জনস্বাস্থ্য সুরক্ষার তাগিদে বাজি এড়িয়ে দীপাবলি পালনের আহ্বান জানান তিনি।

দক্ষিণেশ্বর থানাকে ব্যারাকপুর পুলিশ কমিশনারেট থেকে বের করে হাওড়া পুলিশ কমিশনারেটের আওতায় আনা হচ্ছে। খুব শীঘ্ৰই এই ব্যাপারে পদক্ষেপ নেওয়া হবে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নবান্নে গতকাল এক সাংবাদিক বৈঠকে এই ঘোষণা করেন। তিনি জানান, বেলুড়, হাওড়া পুলিশ কমিশনারেটের অধীনে পড়লেও দক্ষিণেশ্বর, ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের আওতায়। নিত্যদিন প্রচুর দর্শনার্থী আসেন দক্ষিণেশ্বর ও বেলুড় মঠে। এদের অনেকেই দুই জায়গাতেই যান। কিন্তু তাঁদের পরিষেবা দেওয়ার ক্ষেত্রে অনেক সময়ই সমস্যা হয়। তা নিরসন করতেই দক্ষিণেশ্বরকে হাওড়া কমিশনারেটের আওতায় নিয়ে আসা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

মেডিক্যাল কলেজগুলিতে সমস্যার দ্রুত সমাধান, টাঙ্ক ফোর্সের বৈঠক, কেন্দ্ৰীয় ভাবে সব জায়গায় রেফারেল সিস্টেম দ্রুত চালু করা সহ ৬ দফা দাবি জানিয়ে জুনিয়র চিকিৎসকরা রাজ্য সরকারকে আরও একবার চিঠি দিয়েছেন। ‘ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডেক্টরস ফন্ট’-এর তরফে মুখ্যসচিব মনোজ পন্থকে পাঠানো ই-মেলে রাজ্যে স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নের স্বার্থে দ্রুত এই দাবি পুরণ করার কথা বলা হয়েছে।

রাজ্য, ৬টি বিধানসভা আসনের উপনির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়ার
সময়সীমা গতকাল শেষ হয়েছে।

নেহাটি, হাড়োয়া, তালডাংরা, সিতাই, মাদারিহাট এবং মেদিনীপুর এই ৬ টি
আসনে ভোট নেওয়া হবে ১৩ ই নভেম্বর।

সোমাবর ২৮ শে অক্টোবর জমা পড়া মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে।

নাম প্রত্যাহারের শেষ দিন বুধবার ৩০ তারিখ।

ISL ফুটবলে আজ মহামেডান স্পোটিং, হায়দরাবাদ এফ সি-র বিরুদ্ধে খেলবে।
যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

মহামেডান স্পোটিং পাঁচ ম্যাচে চার পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার একাদশ স্থানে
আছে। দ্বাদশ স্থানে থাকা হায়দরাবাদ এফ সি-র পয়েন্ট এক।
